দৈনিক সংবাদ

তারিখ ... MAY 3 1999

পৃষ্ঠা 2 কলাম 9

112

## বুয়েট '৯২ ব্যাচের শিক্ষার্থীদের দাবি

# বিশেষ ব্যবস্থায় দ্রুত ফাইনাল পরীক্ষা নিন

(বুয়েট সংবাদদাতা)

বুয়েটের '৯২ ব্যাচের শেষ বর্ষের ছাত্রছাত্রীরা অনতিবিলম্বে তাদের টার্ম ফাইনাল পরীক্ষা বিশেষ ব্যবস্থায় গ্রহণের জন্য উপাচার্যের কাছে স্মারকলিপি দিয়েছে।

গতকাল '৯২ ব্যাচের লেভেল ৪ টার্ম-২ এর ৫১০ জন ছাত্রছাত্রীর পক্ষে প্রায় ১৫০ জনের সইকৃত স্মারকলিপিটি উপাচার্য প্রফেসর নুরুদ্দিন আহমেদ গ্রহণ করেন।

উপাচার্য প্রফেসর নুরুদ্দিন আহমেদের সাথে দেখা করার পর '৯২ ব্যাচের শেষ বর্ষের ছাত্ররা সংবাদকে জানান, উপাচার্য তাদেরকে পরীক্ষা অনতিবিলম্বে পুনরায় শুরু করার ব্যাপারে কোন আশ্বাস দেননি। ছাত্ররা আরও জানায়, উপাচার্য এ ব্যাপারে তাদেরকে বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, বিভিন্ন সিনিয়র শিক্ষক এবং ছাত্র কল্যাণ পরিচালকের সাথে দেখা করার জন্য বলেন।

ছাত্ররা ছাত্র কল্যাণ পরিচালক প্রফেসর শামীম উজ্ জামান বসুনিয়ার সাথে দেখা করলে তিনি তাদেরকে জানান, 'বিশেষ ব্যবস্থায় কোন টার্মের আলাদা পরীক্ষা নেয়া সম্ভব নয়। বুয়েটে সুষ্ঠু একাডেমিক পরিবেশ ফিরে আসলেই বিভিন্ন টার্মের পরীক্ষা এবং ক্লাস শুরু হবে।

সাক্ষাৎকার বাতিল ঃ গতকাল রোববার এক বিজ্ঞপ্তিতে '৯৮-৯৯ শিক্ষা বর্ষের ভর্তি কমিটির সভাপতি প্রফেসর এ. এম. এম শফিউল্লাহ জানান, ১ম বর্ষের ভর্তি পরীক্ষার নির্বাচিত ও অপেক্ষমাণ তালিকাভুক্ত প্রার্থীদের মার্কশিট ও সনদপত্র যাচাই, বিভাগ নির্বাচনের অপশন প্রদান এবং স্বাস্থ্য পরীক্ষার পূর্বনির্ধারিত তারিখ ও সময় বাতিল করা হয়েছে। তিনি জানান, পরিবর্তিত সময়সূচি পরবর্তীতে জানানো হবে।